

২০২৩

দ্বিতীয় সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-3

[বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) যুগসন্ধিক্ষণের কবি হিসাবে ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিপ্রতিভার পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বাংলা নাটক রচনায় মাইকেল মধুসূদন দত্তের ব্রতী হওয়ার কারণ কী? বাংলা নাটকের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো। ২+৮
- ২। (ক) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর কৃতিত্ব আলোচনা করো। ১০
অথবা,
(খ) উনবিংশ শতাব্দীর বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার স্থান নির্ণয় করো। ১০
- ৩। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলা গদ্যসাহিত্যের উন্মেষপর্বে অক্ষয়কুমার দত্তের অবদান বিচার করো। ১০
- ৪। (ক) কবি নবীনচন্দ্র সেনের 'ত্রয়ী কাব্য' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) প্রহসনকার হিসাবে দীনবন্ধু মিত্রের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ৫
- ৫। (ক) 'ছতোম প্যাঁচার নকশা'-র বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এর রচনামূল্যের বৈশিষ্ট্য সম্পর্কে লেখো। ৩+২
অথবা,
(খ) 'বিবিধার্থ সংগ্রহ' পত্রিকার বিশিষ্টতার ক্ষেত্রগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) বাংলা গদ্যের চর্চা ও বিকাশে শ্রীরামপুর মিশনের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

অথবা,

(খ) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে মীর মশাররফ হোসেন-এর অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

৭। যে-কোনো একটি বিষয়ে টাকা লেখো—

(ক) পদ্মিনী উপাখ্যান

(খ) স্বর্ণলতা

(গ) পরিব্রাজক।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও—

(ক) 'সাধের আসন'-এর রচয়িতা কে?

(খ) 'বীরঙ্গনা' কী জাতীয় কাব্য?

(গ) 'চৈতন্যলীলা' গ্রন্থটির রচয়িতা কে?

(ঘ) 'বন্ধুবিরোগ' কাব্যের কবি কে?

(ঙ) উনিশ শতকে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের একটি নাটকের নাম লেখো।

(চ) 'মহারাজীবনপ্রভাত' কার লেখা?

(ছ) 'সোমপ্রকাশ' পত্রিকার প্রথম প্রকাশকাল লেখো।

(জ) 'তত্ত্ববোধিনী পত্রিকা'-র প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে হয়?

(ঝ) 'সংবাদ প্রভাকর' কোন সময় থেকে দৈনিক পত্রিকা হিসেবে প্রকাশিত হতে শুরু করে?

(ঞ) 'আলালের ঘরের দুলাল' কার রচিত?

(ট) 'ভ্রান্তিবিলাস' কোন গ্রন্থের ভাবানুবাদ?

(ঠ) নট ও নাটককার গিরিশচন্দ্র ঘোষ-এর জন্মসাল ও মৃত্যুসাল লেখো।

(ড) 'লোকরহস্য'-র রচয়িতা কে?

(ঢ) 'সঙ্ঘ্যাসংগীত' ও 'প্রভাসংগীত' কাব্যগ্রন্থদুটি কার লেখা?

(ণ) 'কলিকাতা কমলালয়' কার লেখা?